

৪ নং উলাইল ইউনিয়ন পরিষদ

ডাকঘর : রূপসা
উপজেলা -শিবালয়, জেলা- মানিকগঞ্জ।

“নভেম্বর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্য বিবরণী”

সভাপতির নাম: জনাব মোহাম্মদ আনিসুর রহমান, চেয়ারম্যান, উলাইল ইউনিয়ন পরিষদ

স্থান : উলাইল ইউনিয়ন পরিষদ কার্যালয়

সময় : ১২.৩০ ঘটিকা

তারিখ : ৩০/১১/২০২৩ ইং

সভায় উপস্থিত সদস্য বৃন্দের হাজিরা পরিশিষ্ট (ক) দ্রষ্টব্য

আলোচ্য বিষয় :

- ০১। বিগত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ০২। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে সন্ত্রাস ও নাশকতা প্রসঙ্গে।
- ০৩। গ্রাম আদালত বিষয়ে সকলকে অভিহিত করন বিষয়ে আলোচনা।
- ০৪। বিবিধ

অদ্য ৩০/১০/২০২৩ ইং তারিখ দুপুর ১২.৩০ ঘটিকার সময় অত্র উলাইল ইউনিয়ন পরিষদ কার্যালয়ে অক্টোবর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ আনিসুর রহমান চেয়ারম্যান পরিষদ উলাইল ইউনিয়ন। সভার শুরুতেই সভার সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য/সদস্যা কে ধন্য বাদ দিয়ে কাজ শুরু করেন। সভায় চেয়ারম্যান সাহেব সচিব সাহেব কে বিগত সভার মন্তব্য পাঠ করে শুনানোর জন্য অনুরোধ করেন। চেয়ারম্যান সাহেবের অনুরোধে সচিব সাহেব বিগত সভার মন্তব্য পাঠ করে শুনান ইহাতে কোন সংশোধনী না থাকায় সকল সদস্যদের সর্ব সম্মতি ক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।

২ নং আলোচনান্তে সভাপতি সাহেব বলেন যে আমাদের ইউনিয়নের রাজনৈতিক পরিস্থিতি ভালো আছে। আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে বিভিন্নস্থানে অপ্রীতিকর ঘটনা ঘটতে পারে। আমাদের ইউনিয়ন পরিষদ ভবন এবং ভোটের কেন্দ্র শিক্ষাপ্রতিষ্ঠান পাহারার ব্যবস্থা করতে হবে। উগ্রবাদীরা সন্ত্রাসী কমকান্ড করতে পারে। সরকারী প্রতিষ্ঠানে আগুন দিতে পারে। জনগনের জানমালের ক্ষতি করতে পারে। ০৪ নং ওয়াডের সদস্য মোঃ খলিল সাহেব বলেন আমাদের গ্রামপুলিশ দিয়ে রাতে পাহারার ব্যবস্থা করতে হবে। খলিল সাহেবের প্রস্তাবে সকল সদ্য একমত পোষণ করেন। এখন হতে নির্বাচন প্রযুক্ত প্রতি রাতে পাহারার ব্যবস্থা করা হবে। চেয়ারম্যান বলেন আমি দফাদারকে বলে দিব সে যেন গ্রুফ ভাগ করে পাহারার ব্যবস্থা করেন।

৩নং আলোচনান্তে সভাপতি সাহেব বলেন যে আমাদের ইউনিয়নের আইনশৃংখলা অবস্থা ভালো আছে। তারপরেও সমাজে ছোটখাটো বিষয় নিয়ে ঝগড়া বিবাদ হতে পারে। ছোটখাটো বিবাদের মিমাত্ংসার জন্য ইউনিয়ন পরিষদে গ্রামআদালত গঠন করা হয়েছে। ফৌজদারি বিষয়ের যে কোন মামলা মাত্র ১০ টাকা দিয়ে দায়ের করা যায় এবং দেওয়ানী বিষয়ের মামলা করতে মাত্র ২০ টাকা লাগে। চেয়ারম্যান সাহেব বলেন গ্রাম আদালত বিষয়ে প্রচার প্রচারনা বাড়াতে হবে। সরকারের লক্ষ্য হচ্ছে ১০০ ভাগ জন্ম নিবন্ধন করা। শিশুর জন্মের সাথে সাথে তার নিবন্ধন করতে হবে। তেমনি কোন লোক মৃত্যুবরণ করার সাথে সাথে তার নিবন্ধন করতে হবে। ৪৫ দিনের মধ্যে করলে কোন প্রকার টাকা পয়সা দিতে হবে না। জন্মের সাথে সাথে করলে জন্ম তারিখ ভুল হওয়ার সম্ভবনা কম থাকে। তাছারা জন্ম নিবন্ধন ছার ছেলে মেয়েদের স্কুলে ভতি করা যায়না।

সভায় আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যদের সুস্থাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ
মোহাম্মদ আনিসুর রহমান
চেয়ারম্যান
উলাইল ইউনিয়ন পরিষদ
শিবালয়, মানিকগঞ্জ